

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮.২.৪. ঈশ্বর-পুত্রদের সাথে মানব-কন্যাদের বিবাহে দৈত্য সৃষ্টি

'ইবনুল্লাহ'দের বা ঈশ্বরের পুত্রদের সাথে মানুষের কন্যাদের মিলনে দৈত্য সৃষ্টি! ''মানষ যখন দুনিয়ার উপর নিজেদের সংখ্যা বাড়িয়ে চলল এবং তাদের মধ্যে অনেক মেয়েরও জন্ম হল তখন আল্লাহর সন্তানেরা (ইবনুল্লাহরা: ইংরেজি: the sons of God কেরি: ঈশ্বরের পুত্রগণ) এই মেয়েদের সুন্দরী দেখে যার যাকে ইচ্ছা তাকেই বিয়ে করতে লাগল। .... আল্লাহর সন্তানদের (ঈশ্বরের পুত্রদের) সংগে এই মেয়েদের মিলনের ফলে যে সন্তানদের জন্ম হল তারা ছিল পুরানো দিনের নাম-করা শক্তিশালী লোক (ইংরেজি: giants অর্থাৎ দৈত্য বা দানব) (প্রদায়েশ ৬/১-৪)

এ থেকে জানা যাচ্ছে যে (১) ঈশ্বরের অনেক পুত্র ছিল বা 'ইবনুল্লাহ' অনেক ছিলেন, (২) এ সকল 'ইবনুল্লাহ' ঈশ্বরের পুত্র হলেও প্রকৃতিতে তারা মানুষের মতই জৈবিক ও দৈহিক চাহিদার অধীন ছিলেন, (৩) দৈহিক চাহিদা মেটাতে এ সকল 'ইবনুল্লাহ' মানুষের মেয়েদের বিবাহ করেন এবং (৪) মানব-কন্যাদের সাথে 'ইবনুল্লাহদের' বা ঈশ্বরের পুত্রদের মিলনের ফলে দৈত্য জাতির সৃষ্টি হয়। কিন্তু বাস্তবে পৃথিবীতে giants বা দৈত্য জাতির অন্তিত্ব ছিল বলে কোনো প্রমাণ মেলে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14491

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন